

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৬

১৯ এপ্রিল, ২০১৭  
তারিখঃ -----  
০৬ বৈশাখ, ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

আমানতকারী/আমানতকারীগণের মৃত্যুর পর তাদের মনোনীত নমিনী/নমিনীগণকে অর্থ পরিশোধ প্রসঙ্গে।

সম্প্রতি এ মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, কিছু কিছু তফসিলি ব্যাংক আমানতকারীদের মনোনীত নমিনী/নমিনীগণের নিকট হতে এ মর্মে অঙ্গীকারনামা গ্রহণ করেছে যে, আমানতকারী/আমানতকারীগণের মৃত্যুর পর তাদের মনোনীত নমিনী/নমিনীগণ মৃত ব্যক্তির হিসাবে রক্ষিত আমানত প্রাপ্তির জন্য যোগ্য/ উপযুক্ত প্রাপক হিসেবে বিবেচিত নাও হতে পারেন, যা ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১০৩ ধারায় বর্ণিত নির্দেশনার পরিপন্থী।

০২। বর্ণিত প্রেক্ষিতে, আমানতকারী/আমানতকারীগণের মৃত্যুর পর তাদের ব্যাংক একাউন্টে রক্ষিত আমানতের অর্থ পরিশোধের ক্ষেত্রে ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ধারা-১০৩ অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাহের)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২